

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২০, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ জুন, ২০২১ খ্রিস্টাব্দ/০৩ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০২.২০-৬৫।—The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 89A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ১৬ জুন, ২০২১ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০০৮.১৮.২৩০ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত Order এর Article 89A তে উল্লিখিত Article 73(2B), Article 74 (2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ১৯ জুন, ২০২১ খ্রিঃ হতে ২৩ জুন, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

(৯৩৫৩)

মূল্য : টাকা ৪.০০

“তফসিল”

ক্রমিক নং	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
০১	২৭৫ লক্ষ্মীপুর-২	(ক) রায়পুর উপজেলা	জনাব রায়হান চৌধুরী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
০২		(খ) লক্ষ্মীপুর সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ : (১) উত্তর হামছাদী (২) দক্ষিণ হামছাদী (৩) দালাল বাজার (৪) চর রুহিতা (৫) পার্বতী নগর (৬) শাকচর (৭) টুমচর (৮) চর রমনীমোহন ও (৯) বশিকপুর	জনাব মোঃ তারেক আজিজ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

ছক

নির্বাচনি এলাকা :

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংশ্লিষ্ট বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী
উপসচিব (আইন)।